



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৬-১১-২০২০


সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় 'জেএফএ অ-১৪ মহিলা জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২০' এর চূড়ান্ত পর্বের খেলা আগামী ২৭-১১-২০২০ তারিখ হতে মুক্তিযোদ্ধা স্মৃতি স্টেডিয়াম, রাজশাহীতে শুরু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। চূড়ান্ত পর্বে নিম্নোক্ত জেলা মহিলা ফুটবল দলসমূহ অংশগ্রহণ করবেঃ

- | | |
|--------------------|---------------------|
| ১। রংপুর জেলা | ৫। রাজশাহী জেলা |
| ২। খাগড়াছড়ি জেলা | ৬। সাতক্ষীরা জেলা |
| ৩। কিশোরগঞ্জ জেলা | ৭। নারায়নগঞ্জ জেলা |
| ৪। গাইবান্ধা জেলা | ৮। মাগুরা জেলা |

'জেএফএ অ-১৪ মহিলা জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২০' এর চূড়ান্ত পর্বের বিভিন্ন বিষয়ে অবহিত করণের লক্ষ্যে অদ্য ২৬-১১-২০২০ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের তৃতীয় তলার কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ফিফা ও এএফসি'র কাউন্সিলর মেম্বার এবং বাফুফে কার্যনির্বাহীর কমিটির সদস্য ও মহিলা ফুটবল কমিটির চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরন, স্পন্সর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপের পক্ষে এক্সিকিউটিভ ডাইরেক্টর জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার ডন। আরোও উপস্থিত ছিলেন বাফুফে সদস্য জনাব জাকির হোসেন চৌধুরী, বাফুফে সদস্য জনাব মোঃ নূরুল ইসলাম (নূর), বাফুফে সদস্য জনাব মোঃ ইলিয়াস হোসেন ও বাফুফে'র সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ। এছাড়াও উপস্থিত ছিলেন বাফুফে মহিলা ফুটবল কমিটির সদস্য সৈয়দ রিয়াজুল করিম, জনাব কামরুল হাসান হিলটন ও নাসরিন আক্তার বেবী।


আহসান আহমেদ আমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।